ফাতওয়া নাম্বার:৪৭৯ প্রকাশকালঃ১১-০৮-২০২৪ ইং

যাকাত ফান্ড থেকে ঋণ দেওয়ার হুকুম

প্রশ্ন:

যাকাত ফান্ড থেকে কোনো বন্দী ভাইকে কিংবা অন্য কোনো ভাইকে ঋণ দেওয়া যাবে কি?

-আবদুল হাসীব

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله، والصلاة والسلام على رسول الله، أما بعد!

প্রশ্নোক্ত ক্ষেত্রে সরাসরি যাকাতের টাকা থেকে ঋণ না দিয়ে; যাকাত ফান্ড থেকে সাধারণ ফান্ডে অর্থ ঋণ নিয়ে ওই ভাইকে সাধারণ ফান্ড থেকে ঋণ দিবে। পরবর্তীতে সাধারণ ফান্ডে অর্থ আসলে যাকাত ফান্ডের ঋণ পরিশোধ করে দিবে। সংগঠনের কোনো খাতে অর্থসংকট দেখা দিলে অন্য খাত থেকে ঋণ নেওয়ার সুযোগ আছে।

-মাবসুতে সারাখসি: ৩/১৮, রদ্দুল মুহতার: ২/৩৩৭, ইমদাদুল ফাতাওয়া: ৩/৫৩৯-৫৪১, ইমদাদুল মুফতিন (জামে): ৫/৪৮১

فقط، والله تعالى أعلم بالصواب

মুস্তাফা মাহমুদ (গুফিরা লাহু)

সম্পাদনা: মুফতি আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি হাফিযাহুল্লাহ

২৯-১১-১৪৪৫ হি.

০৬-০৭-২০২৪ ঈ.